দৈনিক বাংলা

তারিখ 15 OCT 1986
পৃষ্ঠা 6 কলাম 5

ডকুমেন্টেশন কেন্দ্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং এস-১২/১১-৬/৮৬/২৩৩৭/ইডিএন তারিখ : ৬-১০-১৯৮৬

## বিষয় : ১৯৮৭-৮৮ সালে কমনওয়েলথ স্কলারশীপ

১৯৮৭ শিক্ষা সালে নিম্নোক্ত বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট/রিসার্চ পর্যায়ে উচ্চতর শিক্ষা লাভের উদ্দেশ্যে যুক্তরাজ্য, কানাডা, হংকং, ত্রিনিদাদ ও জামাইকা প্রভৃতি দেশে কমনওয়েলথ স্কলারশিপের জন্য প্রার্থী নির্বাচনকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

২। নিম্নবর্ণিত বিষয়ের পাশে বর্ণিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য শর্তাবলী পূরণে সক্ষম প্রার্থিগণ আবেদন করুন :

| | |
|---|---|
| (১) অর্থনীতি, কৃষি অর্থনীতি, পাবলিক প্রশাসন, শিক্ষা পরিকল্পনা, বিজনেস এডমিনিস্ট্রেশন, ম্যানেজমেন্ট, মার্কেটিং, একাউন্টিং, ফাইনান্স, ভূগোল, ইংরেজী সোসিওলজি/রুরাল সোসিওলজি, সাইকোলজি, ফিলসফি, ইতিহাস/ইসলামিক ইতিহাস, আর্কেয়লজি, ইন্টারন্যাশনাল রিলেশনস, আইন, রাষ্ট্র বিজ্ঞান, সাংবাদিকতা ও গণসংযোগ, ভাষা-বিজ্ঞান। | অনার্স অথবা মাস্টার ডিগ্রীতে প্রথম শ্রেণী এবং এসএসসি অথবা এইচএসসি-এর যে কোন একটিতে ১ম বিভাগ এবং অবশিষ্ট পরীক্ষাসমূহে ২য় শ্রেণী/বিভাগ/যে সকল প্রার্থী বিজনেস এডমিনিস্ট্রেশন, মার্কেটিং, একাউন্টিং, ফাইনান্স-এ পোস্ট গ্র্যাজুয়েট পর্যায়ে শিক্ষা অর্জন আগ্রহী তাদের জিএমাট গৃহীত এবং সন্তোষজনক ফল অর্জিত হতে হবে। |
| (২) পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ বিদ্যা ও ইলেক্ট্রনিক্স, কমপিউটার সায়েন্স/কমপিউটার ইঞ্জিনীয়ারিং, কেমিস্ট্রি, মৃত্তিকা বিজ্ঞান, গণিত শাস্ত্র, পরিসংখ্যান বিদ্যা, প্রাণি বিদ্যা, উদ্ভিদ বিদ্যা, ভূতত্ত্ব, হিস্টলজি, তৎসহ টিস্যু কালচার, ফার্মাসী, বায়ো-কেমিস্ট্রি, ফুড টেকনোলজি/নিউট্রিশন, মাইক্রো-বায়োলজি, মেরিন বায়োলজি, ফরেস্ট্রি এবং<br>(৩) কৃষি বিদ্যা (সকল শাখা) | অনার্স ও মাস্টার ডিগ্রী উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার যে কোন একটিতে কমপক্ষে প্রথম বিভাগ এবং অপরটিতে ২য় বিভাগ। |
| (৪) ইঞ্জিনীয়ারিং (সকল শাখা) | বিএসসি (ইঞ্জিনীয়ারিং), বিএসসি (আর্কিটেকচার)-এ ১ম শ্রেণী তৎসহ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগ। |
| (৫) টেক্সটাইল টেকনোলজি/লেদার টেকনোলজি (সকল শাখা) | টেক্সটাইল টেকনোলজি/লেদার টেকনোলজিতে অবশ্য ডিগ্রী থাকতে হবে; এসএসসি বা এইচএসসিতে ১ম বিভাগ থাকলে ভাল হয় এবং অবশিষ্ট পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। |
| (৬) আরবান ও রিজিওনাল প্ল্যানিং। | সিভিল ইঞ্জিনীয়ারিং অথবা আর্কিটেকচারে ১ম শ্রেণী সমেত আরবান ও রিজিওনাল প্ল্যানিং-এ মাস্টার ডিগ্রী অথবা অনার্স বা মাস্টার ডিগ্রীর যে কোন একটিতে কমপক্ষে ১ম শ্রেণীসহ অর্থনীতি, সমাজ বিজ্ঞান অথবা ভূগোলে মাস্টার ডিগ্রী। |

৩। কেবলমাত্র যুক্তরাজ্যে চিকিৎসা বিষয়ে স্কলারশিপ প্রদান করা হবে। চিকিৎসা বিষয়ক প্রার্থিগণ যারা এমআরসিপি, এফআরসিএস ইত্যাদি করতে আগ্রহী এবং যারা পরীক্ষার প্রথম পর্ব ইতিমধ্যে শেষ করেছেন, তাদেরকে অগ্রাধিকা দেয়া হবে।

৪। ১লা অক্টোবর, ১৯৮৭ তারিখে প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে। যে সকল আবেদনকারীর ডক্টরেট ডিগ্রী রয়েছে তারা দরখাস্ত করার অযোগ্য।

৫। চাকরিরত প্রার্থীদের অবশ্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়া যে সকল প্রার্থী সরকারী উদ্যোগকৃত ৩ (তিন) মাস এবং তার উর্ধ্ব মেয়াদী স্কলারশিপের সুযোগ গ্রহণ করেছেন, কিন্তু বিদেশ থেকে স্বদেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশে ন্যূনতম ৫ বছর চাকরি/অবস্থান সমাপ্ত করেন নি তারাও দরখাস্ত করার অযোগ্য।

৬। প্রার্থীদেরকে বৃটিশ কাউন্সিল, ঢাকা কর্তৃক গৃহীত ইংরেজী ভাষায় দক্ষতা পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৭। সাদা কাগজে নিম্নোক্ত বিবরণ উল্লেখে সার্টিফিকেট, ডিপ্লোমা, ডিগ্রী, মার্কশীট, প্রশংসাপত্র ইত্যাদির সত্যায়িত কপি সমেত একটি খামে করে সাত কপি দরখাস্ত সর্বশেষ ১৫-১০-১৯৮৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কাছে পৌছাতে হবে। এছাড়া রিসেপশন রুম, ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত দাখিল করা যাবে। অসম্পূর্ণ এবং দরখাস্ত গ্রহণের শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত আপনা থেকেই বাতিল বলে গণ্য হবে।

### কমনওয়েলথ স্কলারশিপের জন্য আবেদনপত্র

১। নাম (বড় হরফে) :
২। পিতার নাম/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-১০-১৯৮৭ তারিখে সঠিক বয়স :
৪। টেলিগ্রাম অফিস ও টেলিফোন নম্বর (যদি থাকে) সমেত ডাক যোগাযোগের ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :

| বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নামসহ উত্তীর্ণ পরীক্ষা | সাল | ডিভিসন/শ্রেণী/পজিশন | প্রতিটি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার |
|---|---|---|---|

৭। বর্তমান পেশা (নিয়োগকর্তার নাম ও ঠিকানাসহ পদমর্যাদা) :
৮। অভিজ্ঞতা :

| অধিষ্ঠিত পদমর্যাদা (বর্তমান পদমর্যাদা থেকে শুরু করে) | ঠিকানাসহ প্রতিষ্ঠানের নাম | চাকরির মেয়াদ থেকে | চাকরির মেয়াদ পর্যন্ত | চাকরির মোট মেয়াদ |
|---|---|---|---|---|

৯। গবেষণা/(এক পৃষ্ঠায়) প্রকাশনার (যদি থাকে) তালিকা :
১০। প্রার্থিত অধ্যয়ন বিষয় :
(ক) ব্যাপক বিষয়
(খ) বিশেষ এরিয়া
১১। অগ্রাধিকারযোগ্য দেশ (যুক্তরাজ্য/কানাডা/হংকং/ত্রিনিদাদ ও জামাইকা)
(১) ১ম অগ্রাধিকার :
(২) ২য় অগ্রাধিকার :
১২। অন্য যে কোন তথ্য :
আবেদনকারীর স্বাক্ষর :

মোঃ আবুল হোসেন খান,
এসিস্ট্যান্ট সেক্রেটারী।

ডিএফপি(স)—১৬৪৩৮(২)৭/১০ জি—২৯৯১